

২৬
শিখার

প্রাইমারি স্কুলে ১৫ হাজার শিক্ষক নিয়োগের পরিকল্পনা ৬০ ভাগ মহিলা

৥ ইত্তেফাক রিপোর্ট ৥

নতুন অর্থবছরে প্রায় ১৫ হাজার নতুন প্রাথমিক শিক্ষক নিয়োগ দেয়া হবে, যাদের ৬০ শতাংশ হবেন মহিলা।

প্রস্তাবিত বাজেট বক্তৃতায় এই তথ্য জানিয়েছেন অর্থ উপদেষ্টা। তিনি জানান, নতুন করে শিক্ষক নেয়া হলে তাতে শিক্ষার্থী-শিক্ষকের অনুপাত ৫৫:১ থেকে কমে হবে

৪৬:১। প্রাথমিক বিদ্যালয়ের ৫৫ লাখ ছাত্র-ছাত্রীকে মাসিক ১০০ টাকা হারে উপবৃত্তি দেয়া হবে। ১১ হাজার শিক্ষা কেন্দ্রে করে পড়া শিক্ষার্থীদের শিক্ষাসময়ে ফিরিয়ে আনার কাজ চলছে। আগামী বছরে ১১ হাজার শিক্ষককে প্রশিক্ষণ দেয়া হবে। নতুন শ্রেণীকক্ষ নির্মিত হবে ১৮ হাজার ১৮৬টি। এজন্য আগামী অর্থবছরে শিক্ষা গবেষণা অনুদান হিসেবে ১০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে।

মাধ্যমিক স্তরে ছাত্রী উপবৃত্তির পাশাপাশি দরিদ্র ছাত্রদের জন্য (পৃঃ ২-এর কঃ প্রঃ)

প্রাইমারি স্কুলে (২০শ পৃঃ পর)

উপবৃত্তি প্রদানের ব্যবস্থা করা হবে। শিক্ষা মন্ত্রণালয়ের অনুদয়ন বাজেটের ৬৩ শতাংশ ব্যয় হয় বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতা খাতে। ২০০৬-০৭ অর্থবছরে এ খাতে সংশোধিত বরাদ্দের পরিমাণ ছিল ৩ হাজার ১৩ কোটি টাকা।